দৈনিক সংবাদ

তারিখ ...02 JUN 1991...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

৫৭ ১১

নিজামী প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

# সকল দায়দায়িত্ব উপাচার্যের

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বলেছে ২৭শে মে রাজনৈতিক নেতৃবৃন্দের সভা আহ্বানের ব্যাপারে কোন পর্যায়েই শিক্ষক সমিতির কোন মতামত নেয়া হয়নি বা সিদ্ধান্ত গ্রহণের পরেও তা সমিতিকে জানানো হয়নি।

গতকাল শনিবার অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির জরুরী সাধারণ সভার গৃহীত প্রস্তাবে একথা বলা হয়েছে। প্রস্তাবে '৭১-এর ঘাতক ও পাক হানাদার বাহিনীর দোসর মতিউর রহমান নিজামীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পবিত্র অঙ্গনে আমন্ত্রণ জানানো ও তার আগমন উভয়ের নিন্দা করা হয়। নিজামীকে আমন্ত্রণ জানিয়ে যে অনভিপ্রেত ঘটনার প্রেক্ষিত সৃষ্টি করা হয়েছে তার সকল দায়দায়িত্ব উপাচার্যকে বহন করতে হবে। ঘটনার পর কয়েকজন ছাত্রের বিরুদ্ধে দায়েরকৃত মামলা অবিলম্বে প্রত্যাহার এবং যাদের গ্রেফতার করা হয়েছে তাদের মুক্তি দাবী করা হয়েছে। ২৭শে মে'র ঘটনায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর কামরুল আহসান চৌধুরী লাঞ্ছিত

নিজামী প্রসঙ্গ : পৃঃ ৮ কঃ ৮

## দায়দায়িত্ব উপাচার্যের

(১ম পাতার পর

হওয়ায় সমবেদনা, দুঃখ ও নিন্দা প্রকাশ করা হয়।

এছাড়া সভার গৃহীত প্রস্তাবে দৈনিক সংগ্রামের ৩০শে মে ও ১লা জুন সংখ্যায় কয়েকজন শিক্ষকের বিরুদ্ধে যে মিথ্যা প্রতিবেদন বের হয়েছে তার নিন্দা করা হয় এবং এজন্য পত্রিকা কর্তৃপক্ষকে নিঃশর্ত ক্ষমা প্রার্থনার দাবী জানানো হয়। স্বাধীনতাবিরোধী জামাতে ইসলামীর রাজনীতি করার অধিকার প্রত্যাহার ও গোলাম আযমকে দেশ থেকে বহিষ্কারের দাবী জানানো হয়।

### ১ জন শিক্ষককে সমিতি থেকে বহিষ্কারের প্রস্তাব

স্বাধীনতাবিরোধী বক্তব্য রাখা ও জাতীয় সঙ্গীত সম্পর্কে ধৃষ্টতামূলক মন্তব্য করায় সমিতির সদস্য ও বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ এস, এম লুৎফর রহমানকে শিক্ষক সমিতি থেকে বহিষ্কারের প্রস্তাব করা হয়।

### শহীদ পরিবারের নিন্দা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ শিক্ষক পরিবারের সদস্যরা গতকাল এক বিবৃতিতে মতিউর রহমান নিজামীকে ক্যাম্পাসে প্রবেশের ব্যাপারে উপাচার্যের তৎপরতার নিন্দা করেছেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।